রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৮, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ আশ্বিন ১৪২২/০৮ অক্টোবর ২০১৫

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৫.২৬২ - দেশের টেকসই উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন (আইটিইউ) গত ২৬ সেপ্টেম্বর ২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘টেকসই উন্নয়নে আইসিটি পদক’ (ICTs in Sustainable Development Award)-এ ভূষিত করে। জাতিসংঘের ২০১৫-পরবর্তী উন্নয়ন কর্মসূচি অনুমোদন সংক্রান্ত শীর্ষসম্মেলনের পাশাপাশি আইটিইউ’র ১৫০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতিসংঘ সদর-দফতরে অনুষ্ঠিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এ পদক প্রদান করা হয়। উল্লেখ্য যে, আইটিইউ কর্তৃক প্রথমবারের মত এ পুরস্কার প্রদান করা হয়েছে।

২। জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ (এসডিজি) অর্জনের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ প্রেক্ষাপটে আইটিইউ’র এ স্বীকৃতি আইসিটিকে কাজে লাগিয়ে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই উন্নয়ন-সমৃদ্ধ বিশ্ব বিনির্মাণের জাতীয় ও আন্তর্জাতিক স্বপ্ন পূরণে সকলকে উৎসাহ যোগাবে। এ ছাড়া, এ পুরস্কার বৈশ্বিক যোগাযোগ সুদৃঢ়করণ, উদ্ভাবনী উদ্যোগের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা জোরদারকরণ এবং বিভিন্ন সমস্যার প্রযুক্তিগত সমাধান অন্বেষণে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করবে।

৩। এ পদক ‘ডিজিটাল বাংলাদেশ’ গড়ার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণে মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্ব ও ঐকান্তিক প্রয়াসেরই স্বীকৃতি। আইসিটি’র ক্ষেত্রে এই বিশাল সাফল্য অর্জনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য পুত্র, ডিজিটাল বাংলাদেশ গঠনের অন্যতম রূপকার এবং প্রধানমন্ত্রীর



মূল্য ঃ টাকা ৪.০০

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদ-এর অবদানও বিশেষভাবে উল্লেখযোগ্য। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত 'রূপকল্প ২০২১'-এর আওতায় তথ্যপ্রযুক্তিতে গ্রামীণ জনপদ ও প্রত্যন্ত অঞ্চলসহ দেশের সকল নাগরিকের প্রবেশাধিকার এবং সেবা প্রদানের ক্ষেত্রে আইসিটির ব্যাপক ব্যবহার নিশ্চিতকরণের ফলেই এই পুরস্কার অর্জন সম্ভব হয়েছে।

৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ পুরস্কার বাংলাদেশের তরুণদের উদ্দেশ্যে উৎসর্গ করেছেন। এ পদক যে বিশাল অর্জনের স্বীকৃতি, তরুণরাই সে অর্জনকে প্রজন্মান্তরে এগিয়ে নিয়ে যাবে।

৫। গুরুত্বপূর্ণ ও মর্যাদাসম্পন্ন এই সম্মাননা লাভ আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করেছে। এ প্রেক্ষাপটে আইটিইউ'র 'টেকসই উন্নয়নে আইসিটি পদক' অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২০ আশ্বিন ১৪২২/০৫ অক্টোবর ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৬। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উল্লিখিত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা
মন্ত্রিপরিষদ সচিব

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

২০ আশ্বিন ১৪২২
ঢাকা:---------------------
০৫ অক্টোবর ২০১৫

দেশের টেকসই উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন (আইটিইউ) গত ২৬ সেপ্টেম্বর ২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'টেকসই উন্নয়নে আইসিটি পদক' (ICTs in Sustainable Development Award)-এ ভূষিত করে। জাতিসংঘের ২০১৫-পরবর্তী উন্নয়ন কর্মসূচি অনুমোদন সংক্রান্ত শীর্ষসম্মেলনের পাশাপাশি আইটিইউ'র ১৫০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতিসংঘ সদর-দফতরে অনুষ্ঠিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এ পদক প্রদান করা হয়। উল্লেখ্য যে, আইটিইউ কর্তৃক প্রথমবারের মত এ পুরস্কার প্রদান করা হয়েছে।

জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ (এসডিজি) অর্জনের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ প্রেক্ষাপটে আইটিইউ'র এ স্বীকৃতি আইসিটিকে কাজে লাগিয়ে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই উন্নয়ন-সমৃদ্ধ বিশ্ব বিনির্মাণের জাতীয় ও আন্তর্জাতিক স্বপ্ন পূরণে সকলকে উৎসাহ যোগাবে। এ ছাড়া, এ পুরস্কার বৈশ্বিক যোগাযোগ সুদৃঢ়করণ, উদ্ভাবনী উদ্যোগের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা জোরদারকরণ এবং বিভিন্ন সমস্যার প্রযুক্তিগত সমাধান অন্বেষণে সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করবে।

এ পদক 'ডিজিটাল বাংলাদেশ' গড়ার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণে মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ নেতৃত্ব ও ঐকান্তিক প্রয়াসেরই স্বীকৃতি। আইসিটি'র ক্ষেত্রে এই বিশাল সাফল্য অর্জনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য পুত্র, ডিজিটাল বাংলাদেশ গঠনের অন্যতম রূপকার এবং প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদ-এর অবদানও বিশেষভাবে উল্লেখযোগ্য। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত 'রূপকল্প ২০২১'-এর আওতায় তথ্যপ্রযুক্তিতে গ্রামীণ জনপদ ও প্রত্যন্ত অঞ্চলসহ দেশের সকল নাগরিকের প্রবেশাধিকার এবং সেবা প্রদানের ক্ষেত্রে আইসিটির ব্যাপক ব্যবহার নিশ্চিতকরণের ফলেই এই পুরস্কার অর্জন সম্ভব হয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ পুরস্কার বাংলাদেশের তরুণদের উদ্দেশ্যে উৎসর্গ করেছেন। এ পদক যে বিশাল অর্জনের স্বীকৃতি, তরুণরাই সে অর্জনকে প্রজন্মান্তরে এগিয়ে নিয়ে যাবে।

গুরুত্বপূর্ণ ও মর্যাদাসম্পন্ন এই সম্মাননা লাভ আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করেছে। এ প্রেক্ষাপটে আইটিইউ'র 'টেকসই উন্নয়নে আইসিটি পদক' অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd